

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪২৯.২২.১৬৩

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

বিষয়: চলতি বোরো সংগ্রহ/২০২২ মৌসুমে ময়মনসিংহ বিভাগে সিদ্ধ চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহের স্মারক নং ১৩.০১.০০০০.৪২৫.১৬.০১১.২১.১৩৯৯, তারিখ:

৩১/০৭/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২২ মৌসুমে ১৩,০০,০০০ মে:টন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে গত ০১/০৮/২০২২ খ্রি: পর্যন্ত চালকল মালিকদের অনুকূলে মূল লক্ষ্যমাত্রা ও পুনবরাদ্দসহ ১২,১৫,৩৫০ মে:টন চালের বরাদ্দ প্রদান করা হয়েছে। সে মোতাবেক অবরাদ্দকৃত চালের পরিমাণ (১৩,০০,০০০-১২,১৫,৩৫০)=৮৪,৬৫০ মে:টন। অবরাদ্দকৃত চালের বিভাগভিত্তিক পরিমাণ নিম্নরূপঃ

ছক-১

ক্র:নং	বিভাগের নাম	অবরাদ্দকৃত চালের পরিমাণ (মে.টন)
১.	রাজশাহী	২৯,৯৮৫
২.	রংপুর	১৭,৭৮০
৩.	ঢাকা	৫২৬৮
৪.	ময়মনসিংহ	১৭০৭
৫.	খুলনা	১৩,৪৪৮
৬.	চট্টগ্রাম	১০,২৯৪
৭.	সিলেট	৪৪৬৮
৮.	বরিশাল	১৬৯৯
সর্বমোট=		৮৪,৬৫০

সূত্রস্থ ১নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ তার বিভাগে সিদ্ধ চালের মোট লক্ষ্যমাত্রা ২,০০,১০০ মে.টন এর অতিরিক্ত ৮,০০০ মে:টন চালের বরাদ্দ প্রদানের জন্য খাদ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করেছেন। চলতি বোরো সংগ্রহ/২০২২ মৌসুমে সারাদেশে চালকল মালিকদের অনুকূলে সিদ্ধ চালের বরাদ্দ পর্যালোচনায় দেখা যায় যে, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগে যথাক্রমে ২৯,৯৮৫ মে.টন ও ১০,২৯৪ মে.টন চাল বরাদ্দ বাকি। সিদ্ধ চালের জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের অবরাদ্দকৃত পরিমাণ থেকে কিছু পরিমাণ চালের বরাদ্দ কর্তন করে ময়মনসিংহ বিভাগে সমন্বয় করা আবশ্যিক।

সে লক্ষ্যে ময়মনসিংহ বিভাগে চাহিত চালের বরাদ্দের পরিপ্রেক্ষিতে ‘ছক-১’ এ বর্ণিত বিভাগসমূহের মধ্যে অবরাদ্দকৃত পরিমাণ থেকে যথা: রাজশাহী বিভাগ থেকে ৫০০০ মে:টন এবং চট্টগ্রাম বিভাগ থেকে ৩০০০ মে:টন মোট ৮,০০০ (আট হাজার) মে:টন চালের বরাদ্দ কর্তন করে তা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮নং অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে ময়মনসিংহ বিভাগে অতিরিক্ত ৮,০০০ মে:টন বরাদ্দ প্রদান করা হলো। সমন্বয়ের পরে ময়মনসিংহ বিভাগের লক্ষ্যমাত্রার পরিমাণ নিম্নের ‘ছক-২’ এ দেখানো হলোঃ

ছক-২

ক্র:নং	বিভাগের নাম	বর্তমান লক্ষ্যমাত্রা (মে:টন)	অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান (মে:টন)	সমষ্টির পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১	২	৩	৪	৮(৬+৭)
১.	ময়মনসিংহ	২,০০,১০০	৮,০০০	২,০৮,১০০

রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের অবরাদ্দকৃত পরিমাণ থেকে ৮,০০০ মে:টন কর্তনের পর সংশ্লিষ্ট বিভাগসমূহে স্থিরকৃত লক্ষ্যমাত্রার চিত্র নিম্নোক্ত ছক-৩ এ দেখানো হলো:

ছক-৩

ক্র:নং	বিভাগের নাম	বর্তমান লক্ষ্যমাত্রা (মে:টন)	কর্তনকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	কর্তনের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১	২	৩	৪	৫ (৩-৪)
১.	রাজশাহী	২,৭৮,৫৭০	৫,০০০	২,৭৩,৫৭০
২.	চট্টগ্রাম	১,১৭,০৩৪	৩০০০	১,১৪,০৩৪


অতিরিক্ত চালের বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণ করতে হবে;

ক) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা কমিটিকে অবহিত করে বরাদ্দ প্রদান করবেন;

খ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপিট বরাদ্দ প্রদান করা যাবে।

অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রার চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২-৮-২০২২

মোঃ রায়হানুল কবীর

পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪২৯.২২.১৬৩/১(১৫)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/রাজশাহী
- ৬) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



২-৮-২০২২

মোঃ রায়হানুল কবীর
পরিচালক